



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd

স্মারক নম্বর-বিঅ-৬/৬২০১/৩৬১

তারিখ : ৩০-০৫-২০২৩ খ্রি.

বিষয় : অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র : প্রধান শিক্ষকের ১৯-১২-২০২২ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নং-১৯৯১৮)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার মনিরামপুর উপজেলাধীন রাজগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়-এর এডহক কমিটির সভাপতি বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব এ কে এম ইউনুস আলম-কে ১৮-০৭-২০১৯ খ্রি. তারিখে সাময়িকভাবে বরখাস্ত করেন। উল্লেখ্য, স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণের চাকুরীর শর্ত বিধিমালা-১৯৭৯ এর ১৩ (১) বিধিতে উল্লেখ আছে “কোন শিক্ষকের বিরুদ্ধে তদন্ত চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ তাকে সাময়িক বরখাস্ত করতে পারেন”। এডহক কমিটির কোন শিক্ষা প্রতিষ্ঠানে কোন পদে নিয়োগদানের ক্ষমতা নাই। ফলে বিধিমোতাবেক এডহক কমিটি কোন শিক্ষক কর্মচারীকে সাময়িক বরখাস্ত বা বরখাস্ত করিবার এখতিয়ার বা ক্ষমতা নাই। এমতাবস্থায়, বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী বর্ণিত বিদ্যালয়ের এডহক কমিটির সভাপতি কর্তৃক বিগত ১৮-০৭-২০১৯ খ্রি. তারিখে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব এ কে এম ইউনুস আলম-এর সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত ক্ষমতা বহির্ভূত হওয়ায় ১৮-০৭-২০১৯ খ্রি. তারিখের সাময়িক বরখাস্তকরণের পত্রটি বাতিল করা হলো। বিষয়টি আপনাকে নির্দেশক্রমে অবহিত করা হলো।

সভাপতি

রাজগঞ্জ মাধ্যমিক বিদ্যালয় (১১৬১২৭)  
রাজগঞ্জ, মনিরামপুর, যশোর

১৪৫  
(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর  
ফোন নম্বর-০২৪৭৭৭৬২৭০৫

স্মারক নম্বর-বিঅ-৬/৬২০১/৩৬১(১-৮)

তারিখ : ৩০-০৫-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, যশোর।
- ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর, যশোর।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনিরামপুর, যশোর।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
- ৮। সংরক্ষণ নথি।

৩০/৫/২৩  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর  
৩০/৫/২৩